

“ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমআইএস ইউনিট
www.dgfp.gov.bd



ড. ইব্রাহিম
৩০০০ মাইল দুরত্বের জন্য
১৪/১১/২০২১

উপনির্বাহক (এমআইএস) ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা-১২১৫

স্মারক নম্বর: ৫৯.১১.০০০০.৪০৪.৯৯.০০১.১৯.১১১

তারিখ: ৬ পৌষ ১৪২৮

২১ ডিসেম্বর ২০২১

বিষয়: ২০২১ খ্রি: সমাপ্তে পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টারের ৯ম সংস্করণ ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা

মাঠপর্যায়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবার তথ্য উপাত্ত নির্দিষ্ট রেজিষ্টার ও ফরম ব্যবহার করে সংগ্রহ করা হয়। এজন্য প্রতি তিন বছর মেয়াদী পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টার ও বিভিন্ন প্রকার ফরম মাঠপর্যায়ে সরবরাহ করা হয়। বর্তমানে মাঠপর্যায়ে পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টারের ৯ম সংস্করণ ব্যবহৃত হচ্ছে। চলতি সংস্করণটির মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২১ মাসে শেষ হবে।

অপরদিকে বাংলাদেশ সরকারের ভিশন ২০২০ বাস্তবায়ন ও ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ২০১৫-১৬ অর্থবছর হতে পরিবার পরিকল্পনা সেবা প্রদান সংক্রান্ত তথ্য উপাত্তকে ডিজিটালাইজেশন করার একটি কার্যক্রম গ্রহন করা হয়েছে। তারই ধারাবাহিকতায় বর্তমানে সারাদেশে ৩৪ টি জেলার ২৩২ টি উপজেলায় পরিবার কল্যাণ সহকারীদের জন্য প্রযোজ্য ই-এমআইএস বাস্তবায়িত হয়েছে। ইতোমধ্যে ৬টি জেলার পরিবার পরিকল্পনা, ম ও শিশু স্বাস্থ্য সেবার তথ্য-উপাত্ত সংগ্রহ-সংরক্ষণ প্রক্রিয়াকে পেপারলেস ঘোষণা করা হয়েছে। অধিকন্তু ১৬ টি জেলা পেপারলেস ঘোষণার জন্য প্রস্তুত রয়েছে।

এখনও ই-এমআইএস সম্প্রসারিত হয়নি এমন উপজেলাসমূহে পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টারটির বর্তমান সংস্করণ সরবরাহ করা হবে। কোভিড-১৯ পরিস্থিতির দরুন টেন্ডার প্রক্রিয়া সম্পন্নকরণে কিছুটা বিলম্ব হয়েছে। আশা করা যাচ্ছে যে, আগামী জানুয়ারী ২০২২ মাসের শেষ নাগাদ সংশ্লিষ্ট উপজেলাসমূহে পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টার (৯ম সংস্করণ, পূর্ণ:মুদ্রণ) ও এতদসংক্রান্ত অন্যান্য ফরম সরবরাহ প্রদান সম্ভবপর হবে।

এমতাবস্থায় বর্তমানে প্রচলিত রেজিষ্টারের নির্ধারিত অংশে অতিরিক্ত একটি বা দুটি কলাম তৈরীপূর্বক বাড়ি পরিদর্শন ও অন্যান্য সেবা প্রদানের তথ্য লিপিবদ্ধ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২১-১২-২০২১

খান মো. রেজাউল করিম

অতিরিক্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ

বিভাগ এবং পরিচালক ও লাইনডাইরেক্টর

(এমআইএস) ইউনিট।

ফোন: ৫৫০১২৩৫২

ইমেইল: dirmis@dgfp.gov.bd

বিতরণ :

১) পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), পরিবার

পরিকল্পনা অধিদপ্তর।

২) পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ/চট্টগ্রাম

বিভাগ/রাজশাহী বিভাগ/রংপুর বিভাগ/খুলনা

বিভাগ।/বরিশাল বিভাগ।/সিলেট বিভাগ।/ময়মনসিংহ
বিভাগ।

৩) উপপরিচালক, পরিবার পরিকল্পনা, জেলা পরিবার
পরিকল্পনা কার্যালয়, ----- জেলা।

৪) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল
অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার
পরিকল্পনা কার্যালয়, -----,
উপজেলা..... জেলা।

৫) স্টাট লিপিকার কাম কম্পিউটার অপারেটর,
মহাপরিচালকের দপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

৬) স্টাট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, এম আই
এস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর